

WE ARE
MACMILLAN.
CANCER SUPPORT

'আমার প্রশ্নাবের
সাথে রক্ত দেখতে

পেয়েছিলাম এবং ডাক্তারের
কাছে গিয়েছিলাম।'

David



কিডনি ও মূত্রথলির ক্যান্সারের লক্ষণসমূহ

যুক্তরাজ্যে প্রতি বছর 20,000 এরও বেশি ব্যক্তি মূত্রথলি বা কিডনির ক্যান্সারে আক্রান্ত হয়। পুরুষদের মধ্যে এবং 50 বছরের বেশি বয়সী ব্যক্তিদের মধ্যে এই ক্যান্সারগুলো বেশি দেখা যায়।

কোন পরিবর্তনগুলোর দিকে খেয়াল রাখতে হবে এবং কখন আপনার ডাক্তারকে দেখাতে হবে তা জানাটা সত্যিকারের পরিবর্তন আনতে পারে। আপনার লক্ষণ দেখা দিলে ভয় পাবেন না - সেগুলো পরীক্ষা করিয়ে নিন।

আপনার এই সব লক্ষণগুলোর মধ্যে কোনোটি থাকলে আপনার ডাক্তারকে দেখান:

- আপনার প্রস্রাবের সাথে রক্ত গেলে, এমনকি যদি একবারও রক্ত যায়।
- হঠাৎ করে বা জরুরি ভিত্তিতে প্রস্রাব করার দরকার হলে।
- আপনি প্রস্রাব করার সময় ব্যথা বা জ্বালা করার অনুভূতি হলে।
- আপনার পেটে পিণ্ড হলে।

ক্যান্সার ছাড়া অন্যান্য কারণেও এই লক্ষণগুলো দেখা দিতে পারে, যেমন সংক্রমণ, মূত্রথলিতে পাথর বা কিডনিতে পাথর হলে। কিন্তু নিজেই নিজের রোগনির্ণয় করার চেষ্টা করবেন না - আপনার ডাক্তারকে দেখান। এটা আপনার জীবন বাঁচাতে পারে। যদি আপনার ক্যান্সার থাকে, এটা যত আগে ধরা পড়বে, নিরাময়ের সম্ভাবনাও তত বেড়ে যাবে।

© ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট, জুলাই 2014. 1^ম সংস্করণ। MAC13693_URINE_BENGALI.
পরবর্তী পর্যালোচনার জন্য পরিকল্পিত সময়সূচি: 2017. ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট, ইংল্যান্ড ও ওয়েলস (261017), স্কটল্যান্ড, (SC039907) এবং আয়েল অব ম্যান (604)-এ নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান। টেকসই সামগ্রী ব্যবহার করে মুদ্রিত। অনুল্লিখিত করে রিসাইকেল করুন।

আপনার লক্ষণগুলো পরীক্ষা করানোর মাধ্যমে আপনি আপনার ডাক্তারের সময় নষ্ট করছেন না।

ক্যান্সার যত আগে ধরা পড়বে, এর নিরাময়ের সম্ভাবনা তত বেড়ে যাবে।

যদি আপনার সহায়তার প্রয়োজন হয় অথবা শুধু কথা বলার জন্য কাউকে চান, তাহলে ম্যাকমিলান-এর সাথে বিনামূল্যে **0808 808 00 00** নম্বরে কথা বলুন অথবা দেখুন **macmillan.org.uk**

